Acknowledged by UNESCO (United Nations Educational, Scientific and Cultural Organisation) in 2021 in its Session 16 by inscribing Durga Puja as 'Intangible Cultural Heritage of Humanity'. Prior to community puja, the wealthy families and the zamindars of West Bengal used to perform the rituals. Kumartuli potters hailed from Krishnanagar was brought to Kolkata under the guidance of Raja Nabakrishna Deb to make idols where skills, dedication, patience brings craftmanship to life. Idol-makers eventually settled near Hoogly as it was an easy access to Ganga mati. Goddess Durga, the central deity is worshipped as feminine power who defeated Mahisasura is sculpted from Ganga mati (soil). Later small clusters started organising and the artisan gained importance in large numbers. Every year it is celebrated during the months of September-October but the preparation starts months before the festival. It is recognised as the celebration of religious carnival concentrating on cultural heritage, which emphasized art and creativity giving employment opportunities to many where individuals from different sects join hands, indulging in further consumption creating a multiplier effect. The hidden workforce behind the celebration include ample professionals together. Idol makers and painters initiates the emotions subsequently followed by the priests. Carpenters, technicians, electricians, change ordinary space into spectacular zones. Transport workers, decorators add value to the celebration. Service-helpers include guards, cleaners, waste collectors, sanitation workers keep everything running. In many parts of India, it is celebrated as Navaratri where families follow strict fasting. It is the celebration of homecoming, togetherness, culture, memories, food delicacies, sweets, music, cultural programs and moreover hope. India, this year faced deficit in rains which technically ended on September 30, 2026 with a deficit of 13% which can lead to drought. Moreover, the inflationary burden, trade-shifts, indecent weather shocks, and geo-political loads have kept individuals anxious but the emotions towards these festivals are positive and peppy. Public spaces are utilised for making temporary changes through pandals with their thematic decor, electrical exhibits, pedestrian zones, road-side vendors, making things more attractive. Ample seasonal businesses prosper during this period in products and services. Services like airlines, trains, buses, hotels, travel agencies are heavily utilised in this tenure. Fashion and accessories have a festive rush. Restaurants, street foods, sweets shops, caterers', home-cooks are high in demand. E-commerce and q-commerce platform have exceptional seasonal sprint. Police force, security personnel have extra hours at work. Gig-workers like delivery partners, freelancers' services like photographers and videographers, core home-services partners, driver and grooming partners indulge in short-term, flexible work to meet the sudden spike in demand. Services like event management companies demand heave. Other facilities like cleaning services, electrical appliances, grooming services, photography, communication and entertainment services also surge. Artisan creativity are well acknowledged as their masterpieces are designed in multiple innovative themes including environmentally sustainable ideas. The celebration starts with Bodhon on Soshti the sixth day. Saptami marks the Nabapatrika puja. The characteristics of Ashtami is vital and the transitional shift from Ashtami to Navami is called Sandhi Puja. The ninth day Navami indulge in Kumari Puja and Dashami with Visarjan. The Dhak and Kashor are instruments typical played in the season which adds rich flavour in the celebration. Fragrance of dhuno creates a devotional atmosphere. Dhunuchi naach (dance) is a special art-form practiced during the festival with a special prompt. These skills are inherited by individuals from their ancestors and also are passed to the future generations to keep alive the cultural heritage of the festival. Morning hours are specifically curated for puja, homa, kumari puja and many other rituals. But as the dusk set the whole city gives a different vibe. Lights, aroma, people come in their authentic drapes turn it to be a magnificent carnival. Large crowds from different section of the society visit pandals and experience the creativity of many which now moved beyond to social and broadcasting media. Today the celebration has shifted from traditional to hybrid format where physical ritual and digital participation are performed together. Traditional the puja was physical but today digital media add another layer to this experience. Social media sites like Facebook, Instagram, YouTube and other websites related platforms are flooding with reels, videos and shorts to cross geographical boundaries.

Durga puja creates a multiplier effect as it creates one round spending on income, consumption, production and employment. Durga puja is thus considered as the intangible living cultural heritage which is practiced and transmitted every year and are experienced by many from different corners of the world. It is a celebration which help devotees to overcome life challenges and ultimate triumph of good over evil.

केनरा बैंक
Canara Bank
A Government of India Undertaking
Together We Can

Take the *first step* towards owning your home.



Canara Housing Loan @7.15% p.a.*

100% Waiver on processing charges

- No Pre-payment Penalty
- Zero Documentation Charges

APPLY NOW

*T&C Apply

Canara Angel
Dream beyond boundaries
Women's Savings Bank Account

केनरा बैंक
Canara Bank
A Government of India Undertaking
Together We Can

Beautiful journeys bloom with the right support.



Personal Accident Cover up to ₹26 Lakh

Cancer Care Insurance up to ₹10 Lakh

*T&C Apply

1 Bank Number 1800 1030 | www.canarabank.bank.in

আল্পসের কোলে নীল নীরবতা

- সুমন্ত বন্দ্যোপাধ্যায়

সকালটা যেন ছিল কোনো পুরোনো কবিতার মতো—চেনা, অথচ প্রতিবার পড়লে নতুন লাগে।ঘুমভাঙা শহরের অলস নিঃশ্বাস পেরিয়ে আমরা তিনজন, একরাশ ব্যাকুলতা আর বাক্স প্যাঁটরা নিয়ে হাঁটছি।শব্দ নেই, শুধু পায়ের ছন্দ আর ভেতরের উত্তেজনার ঢেউ।

টি-জিবি ট্রেনের ১৬ নম্বর কামরা—জানালার পাশে সেই রিজার্ভ করা সিটে বসতেই মনে হলো, রেললাইন শুধু গন্তব্য নয়, আমাদের অনুভবের ভেতর দিয়েও এগিয়ে চলেছে।বাসেল স্টেশনের পথ কতটা দূরে জানি—সাড়ে তিন ঘণ্টা।কিন্তু মন জানে, অনুভবের হিসেবে সময় কখনও হিসেব মানে না।

ঠিক কাঁটায় কাঁটায় ১১টা ৫৫-তে ট্রেন এসে থামল বাসেল স্টেশনে।প্ল্যাটফর্মেই দেখা স্বপনের সঙ্গে—অফিস থেকে এসেছে আমাদের নিতে।হাসিমুখে জিজ্ঞেস করল, "প্যারিস কেমন দেখলেন?" বললাম, "সময় অল্প, তবু যতটুকু দেখেছি মন ছুঁয়ে গেছে, স্মৃতির ঝুলিতে থাকবে অনেকদিন।স্বপন বললে,"চলুন, একটা ঝটপট লাঞ্চ সেরে ফেলি।আধঘণ্টার মধ্যে লুসার্নের ট্রেন।"স্টেশনের পাশেই একটা ঝকঝকে রেস্তোরাঁয় ঢুকে বুফেতে পছন্দমতো খাবার তুলে নিলাম সবাই।আহার শেষে, ১২টা ৩০-এর ট্রেনে উঠে পড়া ৩ নম্বর প্ল্যাটফর্ম থেকে। বিদেশ বিভুঁইয়ে স্বপনের আশ্বাস—"আপনারা তো শেডিউল নিয়ে বেরিয়েছেন, সমস্যা হলে ফোন করবেন"—সত্যিই যেন স্বস্তির পরশ।

গন্তব্য লুসার্ন—৭৮ কিমি পথ, সময় লাগবে প্রায় এক ঘণ্টা কুড়ি মিনিট।আর এভাবেই শুরু হলো আমাদের সুইৎজারল্যান্ড অভিযান, লুসার্নের হাত ধরে।

এই শহরে পৌঁছনো যায় জল ও স্থলে,তবু ট্রেনে চড়া যেন এক অন্যরকম অনুভব।পাহাড়ের বুকে আঁকাবাঁকা রেলপথ, জানালার বাইরে একের পর এক উন্মোচিত হয় ছবির মতো দৃশ্যপট। মনে হয়, যেন স্বপ্নের দেশে পা রাখলাম—শান্ত, শিহরিত, সৌন্দর্যে ডুবে থাকা এক বিস্ময়জগতে!

নিজের দেশে আমরা যেখানে পাহাড় কেটে, নদী বুজিয়ে গড়ে তুলি বসতি, সেখানে এখানকার মানুষ প্রকৃতির সঙ্গে সহাবস্থান করে।পাহাড়ের ঢাল মেনে বানানো ডুপ্লেক্স বাড়ি, চারপাশে আঙুর, আপেল, কিউইসহ নানা ফলের বাগান। যেন প্রকৃতিকে ছুঁয়ে থেকেও তাকে আঘাত না করে বেঁচে থাকার এক শিল্প। এখানকার প্রতিটি বাড়ি যেন ছবির মতো—কাঠের দোতলা ঘর, ঘিরে রঙিন ফুলে ভরা বাগান।মনে হয়, সৃষ্টিকর্তার তুলিতে আঁকা নিখুঁত দৃশ্যপট।ট্রেনের জানালায় চোখ রাখলেই একের পর এক এমন নয়নাভিরাম দৃশ্য, চোখ ফেরানো দায়।

ঠিক ১টা৫০-এ পৌঁছলাম লুসার্ন স্টেশনে।আধুনিক আর ঝকঝকে, নিজে থেকেই বুঝে নেওয়া যায় লকার ব্যবস্থার ব্যবহারবিধি—সব লেখা আছে, নম্বর দিয়ে তালা, কত ভাড়া তাও উল্লেখ করা আছে।স্বপনের বলে দেওয়া পথ মেনে লকারে ব্যাগ রেখে আমরা এগিয়ে চললাম নতুন গন্তব্যের দিকে—নতুন এক বিস্ময়ের খোঁজে।

এবারের গন্তব্য Arth-Gold au—মাত্র আধঘন্টার পথ।সেখান থেকে পাহাড়ি ট্রেনে চড়েই যাত্রা রিগি কুল্‌মের উদ্দেশ্যে।সুইজারল্যান্ড মানেই প্রকৃতির স্বর্গভূমি, আর তার রানী যেন এই রিগি পর্বত।চোখ যতদূর যায়, ঢালু সবুজ মাঠে ছড়িয়ে আছে হলুদ ঘাসফুলের হাসি, ছোট ছোট কাঠের ঘর, গলায়

ঘণ্টা বাঁধা নিশ্চিন্ত গরুর দল কচি ঘাসে মুখ ডুবিয়ে নিশ্চুপ আরামে চিবুচ্ছে।সেই রিনিঝিনি সুর, আর পেছনে শ্বেতশুভ্র সুইস আল্পস—সব মিলিয়ে যেন এক পরিপূর্ণ স্বপ্নলোক।
জানালার ধারে বসে সৌন্দর্যে মুগ্ধ হয়ে কখন যে পৌঁছে গেলাম Arth-Gold au-র রিগি স্টেশনে, টেরই পেলাম না।এখান থেকে খানিকটা হাঁটা পথ পেরুতেই পৌঁছালাম *Arth–Rigi Bahn*-এ—যেখান থেকে শুরু হবে রিগি চূড়ার দিকে আরেক অপূর্ব অভিযাত্রা।

এখান থেকেই শুরু ইউরোপের প্রথম *cogwheel* রেলপথ ধরে রিগি পাহাড়ে ওঠার যাত্রা।সময় তখন৩:৩০।স্টেশনে এসে দেখি একপাশে ছোট্ট বৈঠকখানার মতো ঘর, লোকজনহীন এক নির্জনতা।বাইরে শুধু লাল রঙের একটা বসার বেঞ্চি—নীরব সাক্ষী যেন।

জানি, প্রতি আধঘণ্টায় একবার করে ট্রেন আসে।হিসেবমতো পরেরটা চারটেয়ে।হাতে কিছুটা সময়, তাই হাঁটতে বেরোলাম এই ছোট্ট শহরে—বরং বলা চলে এক শান্ত পাড়া।ছবির মতো সাজানো রাস্তাঘাট, কয়েকটি দোকান, একটিমাত্র গির্জা, আর বিকেলের হালকা ঠান্ডায় বাতাস যেন কবিতা হয়ে বয়ে চলেছে।ঠিক চারটেয়ে, তিন-চার বগির ট্রেনটি পাহাড়ের শীর্ষে রওনা দিল।কামরায় আমরা তিনজন, সঙ্গে শুধু আর একজন যাত্রী—এ যেন এক নিঃশব্দ অথচ অভূতপূর্ব আরোহন।

রিগির পথে চারপাশে ছড়িয়ে অপূর্ব প্রকৃতি—সুইস পাহাড়ের রানী যেন নিজ মহিমায় ধরা দেয়। কখনও হঠাৎ মেঘ এসে রিগিকে আড়াল করলেও, তার রূপ লুকোয় না, বরং আরও রহস্যময় হয়ে ওঠে। সুইজারল্যান্ড যেন প্রকৃতির নিঃশব্দ বিস্ময়—সবদিকে শুধু সৌন্দর্যের নীরব বিস্তার।এমন পরিবেশে মনখারাপের মেঘ কি আদৌ জমে? বোধহয় না। তাই তো বিশ্বের সুখ-সূচকে এই দেশ থাকে সবসময় এগিয়ে।এখানকার মানুষ প্রকৃতির সান্নিধ্যে বাঁচে, তাকে ভালোবেসে, তাকে ঘিরেই জীবন ও জীবিকা গড়ে।সুখের রহস্য হয়তো এখানেই—এই নৈসর্গিক পাহাড়, স্বচ্ছ হ্রদ, আর শান্ত প্রকৃতির কোলেই সুইস জীবনের আনন্দ লুকিয়ে।কে জানে—হয়তো সত্যিই, সুখের ঠিকানা লেখা আছে রিগির আকাশে ভেসে থাকা সেই মেঘের আঁচড়ে।

৪০মিনিটের রেলযাত্রা শেষে শুরু হলো চূড়ার দিকে ওঠা,হাড় কাঁপানো ঠান্ডায়। আশ্চর্য, পাহাড়ের মাথায় তখন পর্যটক বলতে শুধু আমরা তিনজন। চারপাশে বিস্তৃত সবুজ পাহাড়, দূরে রুপোলি জলের লুসার্ন হ্রদ ঝলমল করছে। মনে হলো, এই নিসর্গ যেন শুধুই আমাদের জন্য—মনের গভীরে এক অপার্থিব তৃপ্তি।

তীব্র হাওয়া সামলে দাঁড়িয়ে থাকা দায়—এক হাতে টুপি, অন্য হাতে ক্যামেরা, তার মাঝেই প্রকৃতির রূপ ধরে রাখার চেষ্টা।শরীর প্রায় জমে এলেও কাটালাম কিছু সময়, তুললাম কিছু দুর্লভ মুহূর্তের ছবি।কিছু দূরে দেখি এক ছোট্ট রেস্তোরাঁ, ঢুকে পড়লাম সেখানে গরম পানীয় আর কিছু খাওয়ার আশায়।হাওয়ার আড়ালে বসে চারপাশের সৌন্দর্যকে আরও একটু উপভোগ করলাম।সঙ্গে এল সুস্বাদু স্থানীয় ফ্রাই আর চায়ের উষ্ণতা।এভাবেই অক্টোবরে রিগির কোলে নেমে এলো নীল সন্ধ্যে — অপ্রস্তুত সেই সন্ধ্যার সাক্ষী হয়ে রইলাম আমরা, হিমেল হাওয়ায় মিশে থাকা এক মুগ্ধ নিস্তব্ধতায়।

পাঁচটা তিরিশের ট্রেনে রিগি থেকে নেমে পৌঁছলাম Vitz Nau—ছবির মতো সাজানো, লুসার্ন হ্রদের পাড়ে বসে থাকা এক শান্ত গ্রাম।সময় সন্ধ্যে ৬.২০, আর একটু পরেই ছাড়বে আমাদের নৌকা, গন্তব্য লুসার্ন।

আল্পসের রানীর পাদদেশে অবস্থিত এই ছোট্ট গ্রাম যেন প্রকৃতির ক্যানভাসে আঁকা।লুসার্ন লেকের ধারে ফুলে ভরা পথ, রঙিন বেঞ্চি, আর চারদিকে এক মধুর নীরবতা। মাত্র ১২৭২ জনের বাস, ইতিহাসে যার প্রথম উল্লেখ ৯৯৮ সালে। ১৯শ শতক থেকে পর্যটনের পছন্দের গন্তব্য।Vitz Nau

যেন রিগি পাহাড় আর লুসার্ন হ্রদের মাঝে প্রকৃতির গড়া এক সরু ছায়া—German-speaking অঞ্চলের অন্তর্ভুক্ত এই শহরে জার্মানির প্রভাব স্পষ্ট।তাই দ্বিতীয় মহাযুদ্ধের সময় হিটলারের সম্ভাব্য আগ্রাসনের আতঙ্কে কেঁপেছিল এই নিরীহ দেশ।

হিটলারের পরবর্তী লক্ষ্য যদি হয় এই শান্ত দেশ? সে আশঙ্কায় সুইসরা পাহাড়ের বুক চিরে তৈরি করেছিল দুর্গ—সাদা আল্পসের নিরীহ চেহারার ভেতরেই ছিল বাঙ্কার, কামান বসানো চৌকি, রেডিও ট্রান্সমিটারসহ সেনা ঘাঁটি।পাহাড় তখন শুধু প্রকৃতি নয়, হয়ে উঠেছিল প্রতিরক্ষার দৃঢ় প্রাচীর।

এই রিগি পাহাড়ও ছিল সেই বিখ্যাত গোথার্ড দুর্গ ব্যবস্থার অংশ, যেখানে দ্বিতীয় বিশ্বযুদ্ধকালে আর্টিলারি ঘাঁটি ছিল। বহু বছর এর অস্তিত্ব ছিল গোপন, অবশেষে ১৯৯৮ সালে তা জনসাধারণের জন্য উন্মুক্ত হয়।এখন দর্শনার্থীরা ঘুরে দেখতে পারেন সেই গুফা, যুদ্ধশালা, অস্ত্রভাণ্ডার ও গ্যালারি—যা একসময় সুইস প্রতিরক্ষার মুকুট ছিল।

ইতিমধ্যে ভেসে এলো আধুনিক, প্রশস্ত এক নৌকো।মাঝখানে রেস্তোরাঁ, দু'ধারে খোলা ডেকে সারি সারি সাদা বেঞ্চি।আমরা গিয়ে বসলাম পেছনের ডেকে।সামনে সাজানো তকতকে গ্রাম, পেছনে তুষারঢাকা আল্পসের নীরব আহ্বান, আর শান্ত লুসার্ন হ্রদের জলে পড়ন্ত রক্তিম আকাশের প্রতিফলন—সব মিলিয়ে এক মোহময় ছবি।

নৌকো ধীরে ধীরে এগোয়, সুইজারল্যান্ডের লাল-সাদা পতাকা বাতাসে নেচে চলে আনন্দে।চারপাশে ভিড়, কোলাহল, তবু মনে হয় যেন একা, নিজের ভেতরেই হারিয়ে আছি। এমন এক মুহূর্ত, যখন প্রতিমা বন্দ্যোপাধ্যায়ের সুর ভেসে আসে—"আমার হাত ধরে নিয়ে চলো সখা, আমি যে পথ চিনি না…"এই যাত্রা যেন কেবল বাহ্যিক নয়, এক অন্তর্জাত্রাও বটে।

ঘণ্টাখানেক নদীপথ শেষে লুসার্ন ঘাটে ভিড়লো নৌকো।সোজা রেলস্টেশন, লকার থেকে ব্যাগ তুলে হাঁটা শুরু *Hotel Dela Paix*-এর দিকে—শহরের প্রাণকেন্দ্রে, লেকের ধারে।ট্রামে চড়ার সুযোগ ছিল, টিকিটও সঙ্গে, তবু হেঁটে শহর দেখার আনন্দকে বেছে নিলাম।সন্ধ্যের পর দোকানপাট বন্ধ, রাস্তাও ফাঁকা, তবু শোরুমগুলোর সাজ যেন চোখ আটকে রাখে।হোটেলে ঢুকেই এক প্রশান্তিময় অনুভব—সব ব্যবস্থা প্রস্তুত, আলোকিত ঘর আমাদের অপেক্ষায়। একটু বিশ্রাম নিয়েই বেরিয়ে পড়লাম তিনজনে।

ঠিক সামনেই চোখে পড়লো *Kanchi Indian Restaurant*, সাইনবোর্ডে ভারতের জাতীয় পতাকা।পেটে ক্ষিদে, মনে খানিকটা আবেগ—ভিতরে ঢুকে গরম গরম ভারতীয় খাবারে দিনভোরের ক্লান্তি ঘুচে গেল।ফিরে এলাম হোটেলে।


নিঃশব্দে ঘুমিয়ে পড়ছে লুসার্ন, আর আমি তাকিয়ে আছি জানালার বাইরে—আল্পস পাহাড়ের গায়ে ছড়িয়ে থাকা রাতের নরম আলো যেন বিদায় জানায় এক স্বপ্নময় দিনের।প্রকৃতি, ইতিহাস, আর নিখাদ সৌন্দর্যে মোড়া এই সফর শুধু চোখ নয়, ছুঁয়ে গেল মনও।রিগির হিমেল চূড়া, লুসার্নের শান্ত জলধারা, আর পথের প্রতিটি নিঃশব্দ মুহূর্ত হৃদয়ে গেঁথে রইলো অমূল্য স্মৃতির মতো।এই সফরের শেষে শুধু একটাই অনুভব—সুইজারল্যান্ড নয়, যেন এক টুকরো কবিতা থেকে ফিরে এলাম।

.....

Canara Angel
Dream beyond boundaries
Women's Savings Bank Account

केनरा बैंक
Canara Bank
A Government of India Undertaking
Together We Can

Beautiful journeys bloom with the right support.



Personal Accident Cover
up to ₹26 Lakh

Cancer Care Insurance
up to ₹10 Lakh

*T&C Apply

1 Bank Number 1800 1030 | www.canarabank.bank.in

केनरा बैंक
Canara Bank
A Government of India Undertaking
Together We Can

Canara
Vehicle Loan

@7.70% p.a.* onwards

This Navratri, carry blessings along every journey.



APPLY NOW

Zero Processing Charges

1 Bank Number 1800 1030 | www.canarabank.bank.in

DURGA PUJA - When the City Comes Alive




When autumn arrives in Bengal, the city seems to awaken. Blue skies, shiuli flowers, glowing pandals, and the rhythmic sound of *dhak* announce the arrival of Durga Puja—a celebration of faith, art, culture, and togetherness.

More than a festival, Durga Puja is a feeling. Goddess Durga stands at its heart, symbolising strength and the triumph of good over evil. For many, these days are also a homecoming, bringing families together, reconnecting old friends, and filling the streets with laughter, music, and colour.



Every pandal becomes a temporary masterpiece, while traditional food like *khichuri bhog*, *beguni*, sweets, and countless street-food favourites turn the celebration into a feast for the senses.



Then comes *Dashami*. The drums continue, but the mood becomes quieter as Goddess Durga begins her journey home. The lights fade, pandals disappear, and the city slowly returns to normal.

Yet the memories remain—shared meals, endless photographs, tired feet, laughter, and moments spent together.

For a few golden days, Durga Puja reminds us that the most beautiful celebrations are the ones that bring people closer.

Written by

Mr. Ramananda Chattejee



energising lives

Section - প্রবন্ধ

Aggregator cum writer - Sabyasachi Gupta, 9845036304, Thimmapai Colony, Shaktinagar, Mangalore,

---

কল্পকথা নয়, বাস্তব সত্য।

সব্যসাচী গুপ্ত

নতুনভাবে চিহ্নিত 'গ্রেটার গন্ডওয়ানা' (বৃহত্তর গন্ডওয়ানা) অতি-মহাদেশের (supercontinent) একটি মূল ভিত্তি বা কেন্দ্রবিন্দু হিসেবে, ভারতবর্ষের ভূখণ্ডটি প্রায় ৫৫ থেকে ৮০ কোটি (৫৫০ থেকে ৮০০ মিলিয়ন) বছরের পুরনো।

'সায়েন্স অ্যাডভান্সেস' (Science Advances) পত্রিকায় প্রকাশিত একটি যুগান্তকারী আন্তর্জাতিক গবেষণা পৃথিবীর ভূতাত্ত্বিক ইতিহাসকে আমূল বদলে দিয়েছে।

কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) ব্যবহার করে ২৫,০০০-এরও বেশি প্রাচীন শিলার আইসোটোপিক বৈশিষ্ট্য বিশ্লেষণ করে বিজ্ঞানীরা প্রমাণ করেছেন যে, গন্ডওয়ানা আগে যা ধারণা করা হতো তার চেয়ে অনেক বিশাল ছিল। এটি পৃথিবীর মোট স্থলভাগের প্রায় ৮০ শতাংশ জুড়ে বিস্তৃত ছিল এবং তাই একে 'গ্রেটার গন্ডওয়ানা' বা বৃহত্তর গন্ডওয়ানা আখ্যা দেওয়া হয়েছে।

এই গবেষণায় ভারতবর্ষের প্রাচীন ভূখণ্ডকে বিশ্বব্যাপী ভূতাত্ত্বিক সময়রেখার একেবারে কেন্দ্রবিন্দুতে স্থাপন করা হয়েছে:

১. সুদূর ভূতাত্ত্বিক যুগ (৫৫ থেকে ৮০ কোটি বছর আগে): গবেষণায় 'গ্রেটার গন্ডওয়ানা' গঠনের সময়কালকে আজ থেকে ৮০ থেকে ৫৫ কোটি বছর আগের মধ্যবর্তী সময় হিসেবে চিহ্নিত করা হয়েছে। এই যুগে, আধুনিক ভারতের ভূখণ্ড গঠনকারী নির্দিষ্ট মহাদেশীয় ভূত্বক-খণ্ডটি আফ্রিকা, অ্যান্টার্কটিকা এবং অস্ট্রেলিয়ার বর্তমান ভূখণ্ডগুলোর অংশের সাথে সংঘর্ষের মাধ্যমে যুক্ত হয়ে এই বিশাল অতি-মহাদেশটি গড়ে তোলে।

২. এশিয়ার অন্যান্য অংশের ভিত্তি: আগে ভূতাত্ত্বিকদের ধারণা ছিল যে, ভারত যখন গন্ডওয়ানার অংশ ছিল, তখন এর উত্তরের অঞ্চলগুলো (যেমন আধুনিক চীন, দক্ষিণ-পূর্ব এশিয়া এবং কাজাখস্তান গঠিত এলাকাগুলো) ছিল কেবল উন্মুক্ত ও আগ্নেয়গিরি-সমৃদ্ধ সমুদ্রতল। নতুন গবেষণায় প্রমাণিত হয়েছে যে, একটি বিশাল ও সুপ্ত মহাদেশীয় ভূখণ্ড—যার গঠনগত ভিত্তি ও সংযোগ ছিল প্রাচীন ভারতীয় ভূখণ্ডের সাথে—উত্তরের অনেক দূর পর্যন্ত বিস্তৃত ছিল। এমনকি হিমালয়ের আধুনিক গ্রানাইট শিলাগুলো—যেগুলো মাত্র ২ থেকে ৫ কোটি বছর আগে উপরে উঠে এসেছিল—সেগুলোর মধ্যেও এমন আইসোটোপিক তথ্য পাওয়া গেছে যা প্রমাণ করে যে, এদের ভূত্বকের গভীর অংশের উপাদানগুলো মূলত ৭০ থেকে ৫৫ কোটি বছর আগে এই ভারতীয় ভূখণ্ডের অংশ হিসেবেই সৃষ্টি হয়েছিল।

৩. বিচ্ছিন্ন হওয়ার সময়কাল: ভারতবর্ষ কোটি কোটি বছর ধরে এই বিশাল ভূখণ্ডের অভ্যন্তরে আবদ্ধ ছিল এবং একটি ভৌগোলিক সেতুবন্ধন হিসেবে কাজ করেছিল। প্রায় ১৪০ থেকে ১২০ মিলিয়ন বছর আগে এটি তার বিখ্যাত একক যাত্রা শুরু করে; অ্যান্টার্কটিকা ও মাদাগাস্কার থেকে বিচ্ছিন্ন হয়ে উত্তর দিকে সরে আসার পর ইউরেশিয়ার সাথে সংঘর্ষের ফলে হিমালয় পর্বতমালা গঠিত হয়। বিষয়টি কেন ‘জম্বুদ্বীপ’-এর ধারণার সাথে সম্পর্কিত—তা হলো, এই ভূতাত্ত্বিক আবিষ্কারটি প্রাচীন পুরাণের বর্ণনার সাথে বিস্ময়করভাবে হুবহু মিলে যায়। বৈদিক সৃষ্টিতত্ত্বে জম্বুদ্বীপকে মহাসাগর-পরিবেষ্টিত এক বিশাল ও কেন্দ্রীয় ভূখণ্ড হিসেবে বর্ণনা করা হয়েছে, যার দক্ষিণ দিকের প্রধান ও ভিত্তি-স্বরূপ অংশ হিসেবে ‘ভারতবর্ষ’ অবস্থান করছে। ভূতাত্ত্বিকভাবে, সদ্য আবিষ্কৃত ‘গ্রেটার গন্ডওয়ানা’ (Greater Gondwana) প্রমাণ করে যে, প্রাচীন ভারতীয় ভূখণ্ডটি ঠিক তেমনই এক অবস্থানে ছিল—অর্থাৎ, এটি ছিল ৮০০ মিলিয়ন বছর আগে বিশ্বজুড়ে আধিপত্য বিস্তারকারী এক বিশাল মহাদেশের (supercontinent) কেন্দ্রীয় ভিত্তি।

इंडियनऑयल

IndianOil



সমূদ্র সৈকত থেকে শৈল শহর

বাঙালির বারো মাসে তেরো পার্বণ, আর তার মধ্যে শ্রেষ্ঠ উৎসব হলো **দুর্গাপূজা**। একসময় পূজো মানেই ছিল শুধুমাত্র পাড়ার মণ্ডপে আড্ডা, নতুন জামাকাপড় আর অঞ্জলি। কিন্তু সময়ের সাথে সাথে আধুনিক বাঙালির পূজোর সংজ্ঞায় যোগ হয়েছে এক নতুন মাত্রা—**পূজো ভ্রমণ** বা পূজোর ছুটিতে ঘুরতে যাওয়া।

শরতের নীল আকাশ, শিউলি ফুলের গন্ধ আর কাশফুলের দোলা বাঙালির মনে যেমন উৎসবের আমেজ আনে, তেমনই ঘরের চারটে দেওয়াল থেকে বেরিয়ে মুক্ত বাতাসে শ্বাস নেওয়ার এক তীব্র ইচ্ছেও জাগিয়ে তোলে। পূজোর এই চার-পাঁচ দিনের ছুটিতে অনেকেই এখন আর শহরের ভিড় ও কোলাহলে থাকতে চান না। তাই ব্যাগ গুছিয়ে বেরিয়ে পড়েন কোনো এক নতুন গন্তব্যের উদ্দেশ্যে কখনো পাহাড়ের টানে, কখনো ঝর্ণা বা নদীর ধারে, আবার কখনও ঐতিহ্যের খোঁজে।

একদিকে যেমন দৈনন্দিন জীবনের একঘেয়েমি দূর হয়, তেমনই মন সতেজ হয়ে ওঠে। ভিড় এড়িয়ে প্রকৃতির মাঝে ঢাকের আওয়াজ আর মন্ত্রোচ্চারণ শোনার আনন্দই আলাদা। তাই পূজো ভ্রমণ এখন আর বিলাসিতা নয়, বরং বাঙালির শ্রেষ্ঠ উৎসব উদযাপনের একটি নতুন ও অন্যতম জনপ্রিয় মাধ্যম হয়ে উঠেছে।

এবার গণেশ চতুর্থীর পর, তরুন বাবুর বাড়ির সন্ধ্যা বৈঠকে জোর আলোচনা , কোথায় ছুটিতে একদিনে বেড়িয়ে আসা যায় । তপন বাবু বললেন Coorg একদম সঠিক জায়গা । ওখানকার Golden Temple Thalacauvery মন্দির গুলো ঘুরে আসা যাবে। অশোক বাবু বললেন না ওদিকে খুব ভিড় এখন। তার থেকে চলো Hampi। খুব সুন্দর জায়গা, হনুমান-রামচন্দ্রের, উপাখ্যান, পাকৃতিক সৌন্দর্য ও বিজয়নগর সাম্রাজ্যের স্থাপত্যের সমাবরতন। সাথে থাকবে বাদামী র Chalukya দের সময়ের ইতিহাসএর সাক্ষী। তপন বাবুর গিন্নি মুন দি বললেন Mysore Ooty সাথে Coimbatore গেলে বেশ হাওয়া বদল হবে । মনটা ফুরফুরে হয়ে যাবে । এমন সময় মৃন্ময় দা হাজির। মৃন্ময় দা আগে কলকাতা শহরতলির এক স্কুল এ হেড স্যার ছিলেন। খুব মজার কথা বলেন। আড্ডা টা পুরো জমিয়ে দেন। নিজে কিন্তু খুব গম্ভীর থাকেন।বললেন কি এত আলোচনা হচ্ছে? বেশ উত্তেজক মনে হচ্ছে? তখন মুন দি মৃন্ময় বাবুকে বুঝিয়ে বললেন যে পূজোর ছুটি তে কোথা থেকে ঘুরে আসা যায় তার ই পরামর্শ হচ্ছে। টপিক টা একদম লুফে নিলেন মৃন্ময় দা। বললেন তাহলে শোনো তোমরা আমার অভিজ্ঞতা । একদিন আমি এই হাওয়া বদলের নেশায় পৌঁছে গেলাম একটা জায়গায়। সুন্দর একটা জায়গা দেখে বসলাম। আহা কি মৃদু মন্দ বাতাস বইছে । দূরে পাখি দের কলতান । আসে পাশে ও বেশ লোকজন আছে । সবাই বেশ উপভোগ করছে জায়গা টা।এমন সময় ভাবলাম একটু যদি ঝালমুড়ি পেতাম , মন ভরে যেত । কি আশ্চর্য । সঙ্গে সঙ্গে ঝাল মুড়ি হাজির।মনটা খুশির ডগমগ হয়ে গেল। বেশ কাটছিল মনোরম দৃশ্য গুলি দেখতে দেখতে। এর পর একটু খানি ম্যাগি খেতে ইচ্ছে হলো। অমনি ম্যাগি হাজির। তার পর একে একে ফল , মিষ্টি, দই , শরবত আর ও কত কি । সব ই একেবারে হাতের মুঠোয় । তারপর চা ও পেয়ে গেলাম। মন টা জুড়িয়ে গেলো । একটু শপিং ও করে ফেললাম। এই সব কোথা গুলো সবাই অবাক হয়ে শুনছিলো। আহা কি সুন্দর! হঠাৎ অশোক বাবু বলে উঠলেন, খাসা জায়গা টা । এমন ই একটা জায়গা আমরা খুঁজছিলাম । কত খরচ পড়ল ? মৃন্ময় দা মৃদু হেসে বললেন যৎসামান্য । মাত্র ১০০ টাকা । সবাই মিলে বলে উঠলো এটা কি করে সম্ভব ? এত কম টাকায়? কোথায় গেছিলেন হওয়া বদল করতে? মৃন্ময় বাবু র জবাব "শিয়ালদহ-ডায়মন্ড হারবার লোকাল ট্রেন । সব কিছু পেয়ে যাবে। " এই কথায় সবাই হো হো করে হেসে উঠল ।

Mr. Taraknath Das

जय माँ दुर्गा

Shubho Durga Puja & Happy Dasara

Seeking the blessings of Maa Durga

May the Goddess bring strength, good health and prosperity to every home and every workplace this festive season.

THREE TRUSTED NAMES, ONE GROUP. SERVING INDUSTRY SINCE 1985.

Lakshmi Cryogenics Pvt. Ltd.

Est. 1996

Filling plant for industrial & medical Oxygen, Argon, CO_2 and Dry Ice

Nitrogen · Hydrogen · Dissolved Acetylene · Nitrous Oxide · High Purity Argon · Zero Air · Argon-CO_2 Mixture · Calibration & other industrial gases. PESO certified cylinder testing facility.

Lakshmi Sales Corporation

Est. 1985 · House of Industrial Supplies

Authorised dealers

Domestic & Commercial LPG (TotalGaz) · Dye-Penetrant Chemicals & Rustlick · Gas Equipment & Accessories · Welding Electrodes

Suvan Sales

Est. 1985 · Industrial Equipment & Consumables

Authorised dealers

Welding Electrodes & Equipment · MIG/TIG Consumables & Filler Wires · Power & Pneumatic Tools · Grinding Wheels & Abrasives · Safety Equipment · Hand & Cutting Tools · Lifting & Shifting Equipment · Water Dispensers (SKF Elixer)





BRANDS WE PROUDLY REPRESENT

TotalEnergies · TAPARIA · unika · CUMI · HMP · DeWALT · STANLEY POWER TOOLS · MM MAILAM · ADDISON · DJK Fluids & Tools · WELTECH · WELDSTAR · KPT KULKARNI POWER TOOLS · makita

FERRETERRO · Stanvac · HI SON SHOES · indef · GREAT-YUVA Welding Expert · Nouveaux Industries (P) Limited · SUPERON · DH sécheron Complete Welding Support · elixer · Linde · nwi O_2

ISO 9001:2015 Certified | ZED Certification – Bronze | PESO Certified Cylinder Testing

Factory: Plot No. 30, Industrial Area, Baikampady, Mangalore – 575 011 | Office: Lakshmi Towers, Main Road, Kulai, Mangalore – 575 019

WhatsApp +91-7411159900 | +91-7411623999 | 0824-2983274 | www.suvansales.com | sales@suvansales.com | lakshmicryo@gmail.com

শেষ কৃত্য

হেনা গুপ্ত
Ex- Infosys Chief Librarian
Shaktinagar, Mangalore, M.A, MLib Sc., Dip in career development.
Ref – wife of Sabyasachi Gupta
---------+--------

সত্তরোর্ধ্ব মীনাক্ষী রাতে ঘুমাতে পারেন না, লোকে বলে ইনসমনিয়ার রুগী। প্রায়দিনই রাতে জানালার গরাদে মাথা ঠেকিয়ে রাত কাটিয়ে দেন।নিশুতি রাতে খেঁকি কুকুরদের আনাগোনা দেখেন আর ভাবেন ওদের মত সে ও যেন এক প্রহরী। ওরা গ্রাম পাহারা দেয়।আর আমি বাড়ি পাহারা দিচ্ছি।

এমন ই একদিন মধ্য রাতে হঠাৎ কে যেন ছাদে হাঁটছে বোধ হোল। মীনাক্ষী ভয় পেয়ে ছুটে গেলেন ছেলে দিব্যেন্দুর ঘরে, দরজায় টোকা মেরে ছেলেকে ঘুম থেকে তুললেন, জানালেন ছাদে চোর উঠেছে দিব্যেন্দু তৎক্ষণাৎ বিল্ডিং এর সকলকে ফোন করে ডেকে ছাদে উঠলেন।কিন্তু কাউকেই দেখা গেলনা, ছাদ ফাঁকা। অন্যান্য বাসিন্দারা খুব রেগে, যা নয় তাই বলে তাদের অপমান করে সকলে যে যা্র ফ্ল্যাটে ফিরে গেলেন। মীনাক্ষী দেবী তাঁর ছেলে দিব্যেন্দুর সঙ্গে ছাদের উপর কিছুক্ষন দাঁড়িয়ে থাকলেন হতভম্বের মত। কিছুক্ষণ দাঁড়িয়ে থাকার পর হঠাৎই এক ব্যক্তিকে ছাদের উপর আবির্ভুত হতে দেখা গেল।

মীনাক্ষী দেবী হাত জোড় করে সামনে গিয়ে দাঁড়ালেন।"আপনি কে?

- এই ভুমির ওপর আমাদের ঘর ছিল, হঠাৎ একদিন এক প্রাকৃতিক দুর্যোগে সব কিছু ধূলিসাৎ হয়ে যায়। আর আমি ও অন্যান্যরা ভুমির নীচেই থেকে যাই। তারপর একদিন এই ভুমির উপর ভূমি খোদাই ও কর্ষণ করার অনুমতি নিয়ে এই বড় বিল্ডিং তৈরি হয়। প্রতি ফ্ল্যাটের বাসিন্দারা নিজের নিজের ফ্ল্যাটের বাস্তু পূজা করে শান্তির জল ছেটায়। কিন্তু আমার ও এই ভূমির অন্যন্য বাসিন্দাদের আত্মার শান্তি হয়না তাই এখানে আমি বিচরণ করি প্রতিনিধি হয়ে

- আপনি কি চান? কি করলে আপনাদের আত্মার শান্তি হবে?

– বেশ, আমাদের আবেদন এই ভুমিতে যে বা যাঁরা পূর্বে বসবাস করতেন তাঁদের আত্মার শান্তির উদ্দেশ্যে শেষ কৃত্য হিসেবে একটা বড় করে পূজা ও প্রার্থনা সভা করা হোক বলেই তিনি ধীরে ধীরে অন্তর্ধান করলেন।

দিব্যেন্দু – "দাদা শুনছেন, দাদা শুনছেন বলতে বলতে পিছনে ছুটলেন কিন্তু তার গলার স্বর রূদ্ধ হয়ে গেল। গলা থেকে স্বর আর বেরোল না।

ESTD 1947

S. L. SHET DIAMOND HOUSE

LADYHILL



Opp. Mangala Swimming Pool,
Near Ladyhill Circle, Gandhi Nagar,
Mangaluru - 575 003

0824-2453262, 2456262

slshetdiamondhouse1947@gmail.com

ESTD : 1947

S.L.SHET

JEWELLERS & DIAMOND HOUSE



0824-2440242, 2440085, 2440271


K.S.Rao Road, Mangalore - 575 001

slshet1947@gmail.com



Name : Mahima Biswas


बैंक ऑफ़ बड़ौदा
Bank of Baroda



Name : Tumpa Paul


Union Bank
of India



Name : Tumpa Paul

amogha GROUP

B. NITYANANDA SHETTY
MANAGING PARTNER

AMOGHA SHIPPING AGENCY

+91 98-45-082089

+91 824-2454589 / 2455589

bnshetty@amoghagroup.com

www.amoghagroup.com



1st Floor, Sri Ram Building, Kottara Chowki,
Mangalore - 575 006, Karnataka, India.



Name : Priya Dwari



Name : Saanvi Saha
Grade - V



Name : Saanvi Saha
Grade - V



Name : Sneha Biswas



Name : Anwesha Mal




Name : Anwesha Mal




Name : Anwesha Mal



Name : Manvik



Name : Manvik



Name : Manvik



Name : Manvik

Photography of Mangaluru's Cultural Traditions

- Mr. Bikram Chakraborty



Photography of Mangaluru's Cultural Traditions

- Mr. Bikram Chakraborty



Photography of Mangaluru's Cultural Traditions

– Mr. Bikram Chakraborty



Photography of Mangaluru's Cultural Traditions

- Mr. Bikram Chakraborty



Inaugural Ceremony 2025













Maha Panchami 2025





Maha Shashthi 2025





Agomoni 2025













Maha Saptami 2025











Maha Ashtami 2025











Maha Navami 2025











Bijaya Dashami 2025















@durgapoojacommitteemangaluru



Sri Durga Pooja Committee Mangalore

A Celebration that *Unites Us*

Faith | Culture | Community | Togetherness



More than a festival, Durga Puja is a celebration of our shared heritage — a time that brings people, traditions and emotions together. It reminds us of the strength within, the power of goodness, and the beauty of being united as a community.